



স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০২.২২/ ২৬৮

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯  
০৩ অক্টোবর ২০২২

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২২ এর আওতায় Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিসীম। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছরের ন্যায় Online Software ব্যবহারের মাধ্যমে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম নিম্নোক্ত অঞ্চল ও তারিখ অনুযায়ী পরিচালিত হবে।

শিক্ষা অঞ্চল	তথ্য সংগ্রহের মেয়াদ
ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	১৬ - ২০ অক্টোবর ২০২২
খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	২১ - ২৫ অক্টোবর ২০২২
গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা	২৬ - ৩০ অক্টোবর ২০২২

২। তথ্য সংগ্রহ সংক্রান্ত বিষয়ে একটি নির্দেশিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। যে সকল উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবনে অবস্থিত UITRCE কার্যালয় আছে, সে সকল উপজেলাসহ পার্শ্ববর্তী উপজেলার যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে Online সুবিধা নেই সেইসব শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিকটস্থ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) এর সাইবার সেন্টার থেকে তথ্য প্রেরণ করতে পারবেন।

৩। বর্ণিতাবস্থায়, উপজেলা/থানা সুপারভাইজার হিসেবে উপজেলা/থানাস্থ প্রাথমিকোত্তর সকল শিক্ষা প্রতিষ্ঠানের নির্ভুল তথ্য Online Software ব্যবহার করে সংশ্লিষ্ট উপজেলা/থানার জন্য নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে প্রেরণ এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর প্রেরিত পত্রটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী**

সংযুক্ত: ক) প্রতিষ্ঠান প্রধানের চিঠি;

খ) Online জরিপ ফরম পূরণের নির্দেশিকা;

গ) শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ক্যালেন্ডার- ২০২২।


উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

উপজেলা/থানা: .....

জেলা: .....

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ..... অঞ্চল
- ৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ..... অঞ্চল
- ৮। জেলা শিক্ষা অফিসার .....
- ৯। অফিস নথি।

  
(হাবিবুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: +৮৮-০২-৪১০৬০৭০৭

E-mail: [dg@banbeis.gov.bd](mailto:dg@banbeis.gov.bd)